রামগতি পৌরসভা কার্যালয়
রামগতি,লক্ষ্মীপুর।
স্থাপিত-২০০০খ্রিঃ
ই-মেইলঃ ramgatipourashova@gmail.com

স্মারক নং-রাপৌ/সভাঃ কাঃ/২০২৪-২৩৯ তারিখঃ ৩১/০৩/২০২৪খ্রিঃ

**সভা নং-৩৭**

পৌর পরিষদের মাসিক (মার্চ'২০২৪খ্রিঃ) সভার কার্য বিবরনীঃ
সভাপতি: এম মেজবাহ উদ্দিন, মেয়র, রামগতি পৌরসভা, রামগতি, লক্ষ্মীপুর।
তারিখ: ৩১/০৩/২০২৪খ্রিঃ
সময়: বেলা ১১.০০ ঘটিকা।
স্থান: পৌরসভা সভাকক্ষ।
সভার উপস্থিতি:

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম | ওয়ার্ড নং | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | গীতা রানী দাস | সংরক্ষিত মহিলা আসন-১ | স্বাক্ষরিত |
| ০২ | আকলিমা বেগম | সংরক্ষিত মহিলা আসন-২ | স্বাক্ষরিত |
| ০৩ | নাছিমা বেগম | সংরক্ষিত মহিলা আসন-৩ | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ জয়নাল আবেদীন | সাধারন আসন-০১ | স্বাক্ষরিত |
| ০৫ | তাপস চন্দ্র দাস | সাধারন আসন-০২ | স্বাক্ষরিত |
| ০৬ | নিজাম উদ্দিন | সাধারন আসন-০৩ | স্বাক্ষরিত |
| ০৭ | মোঃ নুর নবী | সাধারন আসন-০৪ | স্বাক্ষরিত |
| ০৮ | শাহাদাৎ হোসেন | সাধারন আসন-০৫ | স্বাক্ষরিত |
| ০৯ | মোহাম্মদ নেছার উদ্দিন | সাধারন আসন-০৬ | স্বাক্ষরিত |
| ১০ | মুহাম্মদ দিদারুল ইসলাম খন্দকার | সাধারন আসন-০৭ | স্বাক্ষরিত |
| ১১ | ছৈয়দ মুরতাজা আল আমিন | সাধারন আসন-০৮ | স্বাক্ষরিত |
| ১২ | মোঃ ফারুকুল ইসলাম বাবলু | সাধারন আসন-০৯ | স্বাক্ষরিত |

সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করেন এবং অলোচ্য সূচী অনুযায়ী সভা পরিচালনা করার জন্য সহকারী প্রকৌশলী জনাব মোঃ কামরুল হাসানকে অনুরোদ করেন। এরপর সভার শুরুতে পবিত্র কুরআন থেকে তেলোয়াত করেন রামগতি পৌরসভার ০৮নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন এবং পবিত্র গীতা থেকে পাঠ করে ১,২ ও ৩ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাব গীতা রানী দাস।

| সূচী নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
| --- | --- | --- | --- |
| ০১ | বিগত সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদনঃ- | সভায় সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব রিফাত জানান ভূইয়া সবাইকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে ২০/০২/২০২৪খ্রিঃ মাসের সভার কার্য-বিবরণী পড়ে শুনানো হয় এবং কোন ধরনের সংশোধন, সংযোজন-বিয়োজন থাকলে তা নিয়ে আলোচনা করার জন্য সবাইকে অনুরোধ করা হয়। | কোন ধরনের সংশোধন ও সংযোজন-বিয়োজন না থাকায় ২০/০২/২০২৪ ইং তারিখের কার্য-বিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। |
| ০২ | WLCC, STC, TLCC-সভার সিদ্ধান্ত সমূহ নিয়ে আলোচনাঃ | **WLCC:**<br>উপ-সহকারী প্রকৌশলী জনাব রিফাত জাহান ভূইয়া সভায় জানান যে, গত জানুয়ারী হইতে মার্চ মাস পর্যন্ত রামগতি পৌরসভার নয়টি ওয়ার্ডে ওয়ার্ড সমন্বয় কমিটির সিদ্ধান্ত সমূহ TLCC সভায় উত্থাপিত হয়। এবং TLLC-সভায় পৌরসভার সকল ওয়ার্ডের জন গুরুত্বপূর্ণ প্রকল্পসমূহ অগ্রাধীকার ভিত্তিতে বাস্তবায়নের জন্য প্রতিবেদন প্রেরণ করা হয়। যেমন: হাউজ হোল্ড টয়লেট, পানি সরবরাহের নিমিত্ত হাউজ কানেকশন গ্রাহক নিবন্ধন, ডেঙ্গু মশার লাভা নিয়ন্ত্রণে পরিস্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করণ, জন্ম-মৃত্যু নিবন্ধনে সহজতর করণ, সামাজিক সূরক্ষা কর্মসূচী, সকল সুবিধাভোগীর অনলাইন ডাটাভেইজ তৈরী করণ, আইন শৃংঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ, দারিদ্র জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে বাস্তবসম্মত প্রকল্প গ্রহন বিষয়ে প্রস্তাবনা প্রেরণ করেন। তিনি বিয়টি মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>৫নং ওয়ার্ড কাউন্সিলর ও প্যানেল মেয়র-০১ জনাব শাহাদাৎ হোসেন সভায় জানান যে,শহর সমন্বয় কমিটির প্রস্তাবনা সমূহ এবং ওয়ার্ড সমন্বয় কমিটির প্রেরিত চাহিদার প্রতি গুরুত্ব আরোপ করে ইতিপূর্বে প্রকল্প গ্রহন করা হয়েছে। বাকী প্রকল্প সমূহ পরবর্তী পর্যায়ে বাস্তবায়নের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। তিনি বিষয়টি নিয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>সংরক্ষিত মহিলা কাউন্সিলর জনাব গীতা রানী দাস সভায় জানান যে, TLCC সভার প্রস্তাবনা এবং ওয়ার্ড সমন্বয় কমিটির প্রস্তাবনা সমূহ আগ্রধীকার ভিত্তিতে প্রকল্প গুলো বাস্তবায়নের জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br>**STC:**<br>উপ-সহকারী প্রকৌশলী জনাব রিফাত জাহান ভূইয়া সভায় জানান যে, গত ০৩/০৩/২০২৪ তারিখের যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক স্থায়ী কমিটি, ২৯/০২/২০২৪ মাসে অনুষ্ঠিতব্য মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি, ০৩/০৩/২০২৪ মাসে অনুষ্ঠিতব্য মৎস্য ও প্রাণী সম্পদ বিষয়ক স্থায়ী কমিটি, ২৯/০২/২০২৪ মাসে অনুষ্ঠিতব্য বাজার মূল্য পর্যবেক্ষন মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থী কমিটি, ২৭/০২/২০২৪ মাসে অনুষ্ঠিতব্য নগর পরিকল্পনা নাগরিক সেবা ও উন্নয়ন কমিটি, ২৫/০২/২০২৪ তারিখে অনুষ্ঠিতব্য কর নিরূপন ও আদায় বিষয়ক স্থায়ী কমিটি, ২৭/০২/২০২৪ মাসে অনুষ্ঠিতব্য আইন শৃংঙ্খলা ও জন নিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটি, ০৪/০৩/২০২৪ মাসে অনুষ্ঠিতব্য স্বাস্থ্য পানি ও স্যানিটেশন বিষয়ক স্থায়ী কমিটি সভা সমূহ অনুষ্ঠিত হয় এবং অতিরিক্ত স্থায়ী কমিটির মধ্যে ০৪/০৩/২০২৪ তারিখে দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটির বেশ কিছু সুপারিশমালা উত্থাপন করেছে। সিদ্ধান্ত সমূহ হলোঃ ১) পৌরসভার সকল অবকাঠামোর ইনভেন্টরী, ডাটা বেইজ ও ম্যাপ তৈরি করা, ২) পৌরসভার মাষ্টার প্ল্যান সম্পর্কে সংশ্লিষ্ট সবাইকে অবহিত করা, ৩) নারী ও শিশুসহ পিছেয়ে পড়া জনগোষ্ঠীর কল্যানে উন্নয়ন কার্যক্রম গ্রহণ করা, ৪) শিশুদের জন্য খেলার শিশুদের জন্য খেলার মাঠ ও বিনোদন কেন্দ্র বা পার্ক নির্মাণ করা, ৫) পৌর এলাকার বিভিন্ন পুকুর, জলাধার ও নিম্নাঞ্চল সমূহ পুনরুদ্ধার করা, ৬) গবাদীপশু হাঁস, মুরগী এবং মাছের বিভিন্ন রোগের প্রতিকার ও প্রতিরোধ করা, ৭) বিভিন্ন বাজারের নিত্য প্রয়োজনীয় পণ্য সামগ্রীর মূল্য পরিস্থিতি ও মূল্য নিয়ন্ত্রণ করা, ৮) উন্নয়ন প্রকল্প সমূহ যথা সময়ে বাস্তবায়ন করা, ৯) কর আদায় কার্যক্রম মনিটরিং করা, | মেয়র মহোদয় সভার সম্মতিক্রমে উত্থাপিত বিষয় সমূহ বরাদ্দ প্রাপ্তি স্বাপেক্ষে অগ্রাধীকার ভিত্তিতে বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত ভাবে সিদ্ধন্তি গৃহীত হয়।<br><br>মেয়র মহোদয় সভার সম্মতিক্রমে উত্থাপিত বিষয় সমূহ অগ্রাধীকার ভিত্তিতে বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত ভাবে সিদ্ধন্তি গৃহীত হয়। |

| | | | |
|---|---|---|---|
| | | ১০) নিরাপদ ও স্বাস্থ্য সম্মত ল্যাট্রিন ব্যবহারে জন সচেতনতা বৃদ্ধি করা, ১১) পৌরসভার বিভিন্ন উন্নয়ন কর্মকান্ডে দারিদ্র জন গোষ্ঠীকে সম্পৃক্ত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। তিনি বিষয়গুলো নিয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>মেয়র মহোদয় উক্ত বিষয়গুলো নিয়ে সবাইকে আলোচনা করার জন্য অনুরোধ করেন।<br><br>৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন সভায় জানান যে, পৌরসভার রাজস্ব আদায়ের একমাত্র উৎস্য হলো কর আদায় করা ও কর আদায় কার্যক্রম মনিটরিং এবং সকল আদায়ের জবাবদিহীতা নিশ্চিৎ করা, হিসাব নিয়মিত যাচাই-বাছাই করা প্রয়োজন। এই ছাড়া বিভিন্ন স্থায়ী কমিটি কর্তৃক প্রদত্ত সুপারিশ গুলো বাস্তবানের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>১,২,৩নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা কাউন্সিলর জনাব গীতা রানী দাস সভায় জানান যে, স্থায়ী কমিটি কর্তৃক উত্থাপিত বিষয় সমূহ খুবেই জনগুরুত্বপূর্ণ। যেমন পৌরসভার সকল অবকাঠামোর ডাটাভেইজ তৈরী ও মাষ্টার প্ল্যান অনুসরণ, খেলার মাঠ ও বিনোদন কেন্দ্র, পার্ক নির্মাণ, পৌরসভার বিভিন্ন উন্নয়ন কর্মকান্ডে নারী ও দরিদ্র জনগোষ্ঠীকে সম্পৃক্ত করণ, অনগ্রসর জনগোষ্ঠীর জন্য বিভিন্ন উন্নয়ন প্রকল্প গ্রহণ এবং সকল প্রস্তাবনা গুলো বাস্তবায়নের জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>৬নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোহাম্মদ নেছার উদ্দিন সভায় জানান যে, পৌর এলাকার বিভিন্ন জলাধার সমূহ বিশেষ করে পৌর এলাকার খাল-বিল, পুকুর ও বিভিন্ন জলাশয় সমূহ পূনরুদ্ধার, গবাদী পশু সহ হাঁস-মুরগী এবং মাছের বিভিন্ন রোগ প্রতিকার এবং আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন। | |
| ০৩ | জেন্ডার এ্যাকশন প্ল্যান বাস্তবায়ন সম্পর্কে আলোচনাঃ | উপ-সহকারী প্রকৌশলী জনাব রিফাত জাহান ভূইয়া সভায় জানান যে, শহর সমন্বয় কমিটি পৌরসভার জেন্ডার এ্যাকশন প্ল্যান বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করেছেন এবং পৌরসভার সকল উন্নয়ন কর্মকান্ডে নারীর সম্পৃক্ততা বৃদ্ধি ও সরকারের বিভিন্ন দিবসে নারীদের সম্পৃক্ত করণ বিষয়ে প্রতিবেদন দাখিল করেন। তিনি বিষয়টি নিয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষন করেন।<br><br>মেয়র মহোদয় উক্ত বিষয় নিয়ে সবাইকে আলোচনা করার জন্য অনুরোধ করেন।<br><br>৪,৫,৬নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা কাউন্সিলর জনাব আকলিমা বেগম সভায় জানান যে, যে দেশের মোট জনসংখ্যার অর্ধেক নারী। কিন্তু দেশের উন্নয়ন কর্মকান্ডে বা কর্মক্ষেত্রে নারীর সংখ্যা এখনো অনেক কম। তিনি কর্মক্ষেত্রে নারীর সংখ্যা বৃদ্ধি এবং সকল কাজে নারীর অংশ গ্রহণ নিশ্চিৎ করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন। | মেয়র মহোদয় সভার সম্মতিক্রমে সরকারী নীতিমালা অনুযায়ী নারীর সম্পৃক্তা বৃদ্ধির নিমিত্ত প্রয়োজনী ব্যবস্থা গ্রহনের জন্য পৌর নির্বাহী কর্মকর্তাকে নির্দেশ প্রদান করেন। |
| ০৪ | অভিযোগ নিরূসন ও তার প্রতিকার সম্পর্কে আলোচনাঃ | উপ-সহকারী প্রকৌশলী জনাব রিফাত জাহান ভূইয়া সভায় জানান যে, অভিযোগ নিরূসন ও প্রতিকার সম্পর্কে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য প্রস্তাবনা প্রেরণ করেছে। প্রস্তাবনা অনুসারে রামগতি পৌরসভা নিয়মিত অভিযোগ গ্রহণ করা হয় কিনা এবং কতটুকু নিস্পত্তি করা হয় এবং অভিযোগকারীর নিকট নিয়ম অনুযায়ী নোটিশ প্রেরণ করা হয় কিনা এই বিষয়গুলো নিয়ে তিনি জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। | মেয়র মহোদয় সভার সম্মতিক্রমে বিষয় সমূহ নিস্পত্তি করণের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পৌর নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ করেন। |

| | | | |
|---|---|---|---|
| | | মেয়র মহোদয় উক্ত বিষয় নিয়ে সবাইকে আলোচনা করার জন্য অনুরোধ করেন।<br><br>১,২,৩নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা কাউন্সিলর জনাব গীতা রানী দাস সভায় জানান যে, কর্মক্ষেত্রে নারীরা অনেকাংশে হেনস্থার স্বীকার হন এবং অনেকেই এই বিষয়ে মুখ খোলে কোন কথা বলতে চায় না। অনেক কর্মচারী তার উপরস্থ কর্মকর্তার দ্বারা হেনস্থার স্বীকার হন। সে ব্যক্তি তার চাকুরির ভয়ে কোন অভিযোগ দাখিল করেন না। যার ফলে অভিযোগকারী তার চাকুরি বা ইজ্জতের ভয়ে অভিযোগ করেন না। তিনি এই নারী-পুরুষ, কর্মকর্তা-কর্মচারী সবাইকে নিয়ে বিষয় গুলো উন্মোক্ত আলোচনা এবং প্রতিকার করা যায় কি না সে বিষয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>৭নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মুহাম্মদ দিদারুল ইসলাম খন্দকার সভায় জানান যে, পৌরসভায় নিয়মিত অনেক অভিযোগ দাখিল হয় এবং বেশীর ভাগেই অভিযোগ পৌরসভা কর্তৃক নিস্পত্তি হয়। তবে কর্মক্ষেত্রে নারী-পুরুষ, কর্মকর্তা-কর্মচারী কর্তৃক তেমন কোন অভিযোগ দাখিল করা হয়না। তিনি এই বিষয়ে করনীয় সম্পর্কে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন। | |
| ০৫ | উন্নয়ন মূল্যক আলোচনাঃ | **ADP:**<br>উপ-সহকারী প্রকৌশলী জনাব রিফাত জাহান ভূইয়া সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে প্রাপ্ত ADP-দ্বারা প্রকল্প সমূহ বাস্তবায়নের নিমিত্ত প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যেমন: ১নং ওয়ার্ডের হাজী সড়কের RCC কাজ, ৩নং ওয়ার্ডের ধোপা বাড়ী সড়কের RCC কাজ, ৭নং ওয়ার্ডে দুধা মিয়াগো বাড়ী সড়কের RCC কাজ বাস্তবায়নের নিমিত্ত প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। সভার সম্মতি হলে উক্ত প্রকল্প সমূহের দরপত্র আহবান করা যেতে পারে। তিনি বিষয়টি নিয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>মেয়র মহোদয় উক্ত বিষয় নিয়ে সবাইকে আলোচনা করার জন্য অনুরোধ করেন।<br><br>৫নং ওয়ার্ডের কাউন্সিলর ও প্যানেল মেয়র-০১ সভায় জানান যে, ADP-দ্বারা বাস্তবায়নের জন্য প্রকল্প গুলো অনেক আগে নির্বাচন করা হয়েছে। তিনি প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>**BMWSSP:**<br>উপ-সহকারী প্রকৌশলী জনাব রিফাত জাহান ভূইয়া সভায় জানান যে, বাংলাদেশের ৩০টি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পের আওতায় রামগতি পৌরসভার ড্রেন নির্মাণ, হাউজ হোল্ড টয়লেট নির্মাণ ও হাউজ কানেকশন গ্রাহক নিবন্ধন এবং গ্রাহক সংযোগ স্থাপনের কাজ চলছে। তিনি বিষয়টি নিয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>মেয়র মহোদয় উক্ত বিষয় নিয়ে সবাইকে আলোচনা করার জন্য অনুরোধ করেন।<br><br>৬নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোহাম্মদ নেছার উদ্দিন হাওলাদার সভায় জানান যে, ৬নং ওয়ার্ডে অনেক দিন পূর্বে ডিস্ট্রিবিউশন পাইপ লাইনের কাজ সম্পন্ন হয়েছে। এখন পর্যন্ত হাউজ সংযোগ লাইনের কাজ করা হয়নি। এছাড়া ও হাউজ হোল্ড টয়লেটের নির্মাণ কাজ ১ম পর্যায়ে অনেক আগে শুরু হলে এখন পর্যন্ত তা শেষ করতে পারেনি। তাছাড়া রামগতি পৌরসভার ৫কিঃমিঃ ড্রেন নির্মান কাজ বাস্তবায়ন করার কথা থাকলে ও এখন পর্যন্ত ১কিঃ মিঃ ও ড্রেনের কাজ বাস্তবায়ন করা সম্ভব হয়নি। তিনি বিষয়টি নিয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন। | মেয়র মহোদয় সভার সম্মত্তিক্রমে প্রকল্পগুলো বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সহকারী প্রকৌশলী ও পৌর নির্বাহী কর্মকর্তাকে নিদের্শ প্রদান করেন।<br><br>মেয়র মহোদয় সভার সম্মত্তিক্রমে উক্ত কাজগুলো দ্রুত বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সহকারী প্রকৌশলী নিদের্শ প্রদান করেন। |

| | | | |
|---|---|---|---|
| | | **LGCCRP:**<br>সহকারী প্রকৌশলী জনাব মোঃ কামরুল হাসান সভায় জানান যে, LGCRRP প্রকল্পের আওতায় রামগতি পৌরসভায় কাঁচা বাজার সংলগ্ন কিচেন মার্কেট নির্মাণ কাজটি দীর্গদিন ধরে বন্ধ আছে। এদিকে প্রকল্প অফিস হইতে কাজটি বাস্তবায়নের জন্য তাগিদ প্রদান করা হয়েছে। এমতাবস্থায় করনীয় সম্পর্কে তিনি  মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>মেয়র মহোদয় উক্ত বিষয় নিয়ে সবাইকে আলোচনা করার জন্য অনুরোধ করেন।<br><br>৭নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মুহাম্মদ দিদারুল ইসলাম খন্দকার সভায় জানান যে, কিচেন মার্কেট কাজটি কেন বন্ধ রয়েছে তা আমার বোধগাম্য নহে। তিনি বলেন যে সরকারের LGCRRP প্রকল্পের অর্থায়নে দেশের বিভিন্ন পৌরসভায় কিচেন মার্কেট নির্মান করা হচ্ছে। কিন্তু কোথা ও কোন সমস্যা হয়নি। তিনি বিষয়টি নিয়ে মেয়র মহোদয় মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>৩নং ওয়ার্ড কাউন্সিলর জনাব নিজাম উদ্দিন সভায় জানান যে, LGCRRP প্রকল্পের অর্থায়নে বাস্তবায়নাধীন হাজী রৌশন আরী জামে সমজিদ সড়কের পুকুরের প্যালাসাইটিং এর ফাইল গুলো ড্রাইব করে রাখা হয়েছে। কিন্তু বাকী কাজ গুলো এখনো করা হয়নি। হয়নি। তিনি বিষয়টি নিয়ে মেয়র মহোদয় মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন। | মেয়র মহোদয় সভার সম্মতিক্রমে কিচেন মার্কেট নির্মাণ বিষয়টি স্থানীয় সরকার বিভাগের জেলা প্রশাসক মহোদয়ের সাথে যোগাযোগ করা হয়েছে। এই বিষয়ে মন্ত্রণালয়ের নিকট আবেদন করা লাগতে পারে। সেই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য পৌর নির্বাহী কর্মকর্তাকে বিশেষ ভাবে অনুরোধ করেন এবং উক্ত প্রকল্পের আওতায় বাকী কাজ গুলো দ্রুত সম্পন্ন করার জন্য সহকারী প্রকৌশীকে নির্দেশ প্রদান করেন। |
| | | **IUGIP:**<br>সহকারী প্রকৌশলী জনাব মোঃ কামরুল হাসান সভায় জানান যে, নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ইতিপূর্বে প্রকল্পের নির্দেশনা অনুযায়ী করা  প্রাক্কলন দাখিলহয়েছে। এবং পৌর কমপ্লেক্স এরিয়ায় একটি আধুনিক সুপার মার্কেট নির্মাণ করার জন্য প্রস্তাবনা রয়েছে। দাখিলকৃত প্রকল্পের কিছু সংশোধী রয়েছে যা সংশোধনের প্রক্রিয়ায় আছে।  তিনি বিষয়টি নিয়ে মেয়র মহোদয় মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>মেয়র মহোদয় উক্ত বিষয় নিয়ে সবাইকে আলোচনা করার জন্য অনুরোধ করেন।<br><br>৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন সভায় জানান যে, এখন শুকনো মৌশম (Dry Sesson) প্রকল্পের কাজ বাস্তবায়নের সময়। এখন কাজ বাস্তবায়ন করতে না পারলে বর্ষা মৌসমে প্রকল্পের কাজ বাস্তবায়ন করা কঠিন হবে। তিনি দ্রুত প্রকল্প অফিসে যোগাযোগ করে কোন ধরনের ত্রুটি বিচ্যুতি থাকলে তা জরুরী ভিত্তিতে সংশোধনের জন্য মেয়র মহোদয় মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>৯নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ফারুকুল ইসলাম বাবলু সভায় জানান যে, IUGIP প্রকল্পে অনগ্রসর জনগোষ্ঠীর তথা দরিদ্র জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের জন্য প্রকল্প গ্রহন করার কথা রহেছে। কিন্তু রামগতি পৌরসভা উপকূলীয় এলাকা হওয়ায় এখানে দরিদ্র জনগোষ্ঠীর পরিমান বেশী।  তিনি দরিদ্র জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের জন্য প্রকল্প গ্রহণ করার জন্য মেয়র মহোদয় মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br>উপসহাকরী প্রকৌশলী জনাব রিফাত জানান ভূইয়া সভায় জানান যে, IUGIP প্রকল্পে জানুয়ারী’২৪ হইতে মার্চ’২৪ পর্যন্ত ৩য় কোয়াটার রিপোর্ট প্রস্তুত করা হয়েছে। তিনি বিষয়টি নিয়ে সবার দৃষ্টি আকর্ষণ করেন। | মেয়র মহোদয় সভার সম্মতিক্রমে IUGIP প্রকল্পের কাজ দ্রুত বাস্তবায়নের জন্য যা যা করণীয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যভস্থা গ্রহণ এবং নিয়মিত IUGIP প্রকল্পের চাহিত তথ্য সমূহ যথা সময়ে প্রেরণ করার জন্য নির্বাহী কর্মকর্তাকে নির্দেশ প্রদান করেন। |

<table>
<tr><td></td><td></td><td>সংরক্ষিত মহিলা কাউন্সিলর জনাব গীতা রানী দাস সভায় জানান যে, নিয়ম অনুযায়ী প্রতি ৩মাস পরপর যে রিপোর্ট প্রদান করার দরকার তা সঠিক সময়ে প্রেরণের জন্য মেয়র মহোদয় মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।</td><td></td></tr>
<tr><td>০৬</td><td>পবিত্র ঈদ-উল ফেতর উদযাপন সম্পর্কে আলোচনাঃ</td><td>সহকারী প্রকৌশলী জনাব মোঃ কামরুল হাসান সভায় জানান যে, আসছে আগামী ১১/০৪/২০২৪খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার পবিত্র ঈদ-উল ফেতর উদযাপিত হতে যাচ্ছে এবং ১৪/০৪/২০২৪খ্রিঃ তারিখে বাঙ্গালীর ঐতিহ্য ১লা বৈশাখ উদযাপন হতে যাচ্ছে। তিনি বিষয়টি নিয়ে মেয়র মহোদয় মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>মেয়র মহোদয় উক্ত বিষয় নিয়ে সবাইকে আলোচনা করার জন্য অনুরোধ করেন।<br><br>৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন সভায় জানান যে, আসছে ১১ইং এপ্রিল রোজ বৃহস্পতিবার পবিত্র ঈদ-উল ফেতর উদযাপিত হতে যাচ্ছে। তিনি সেই উপলক্ষ্যে ঈদ গাঁ মাঠসহ সরকারী গুরুত্বপূন স্থাপনা ও হাট বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখা এবং ১লা বৈশাখ উদযাপনের নিমিত্ত র‌্যালি, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করার জন্য মেয়র মহোদয় মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।</td><td>মেয়র মহোদয় সভার সম্মত্তিক্রমে আসছে পবিত্র ঈদ-উল ফেতর ও ১লা বৈশাখ উদযাপনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পৌর নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ করেন।</td></tr>
<tr><td>০৭</td><td>পৌরসভার বিভিন্ন বিল প্রদান প্রসঙ্গে আলোচনাঃ</td><td>কোষাধ্যক্ষ জনাব গোলাম মোকতাদির সভায় জানান যে, গত ফেব্রুয়ারী’২০২৪খ্রিঃ মাসে নিম্ন লিখিত বিল প্রদান করা হয়।<br><table><tr><th>তারিখ</th><th>বিবরণ</th><th>টাকা</th></tr><tr><td>১৪/০২/২০২৪</td><td>জানুয়ারী’২০২৪ইং মাসের মাষ্টাররোল কর্মচারীদের বেতন।</td><td>৮৯০০.৫০০,</td></tr><tr><td>১৯/০২/২০২৪</td><td>ফেব্রুয়ারী’২০২৪ইং মাসের ৭টি মিটারের বিদ্যুৎ বিল।</td><td>৭০০.৮৮০,</td></tr></table></td><td>মেয়র মহোদয় পৌর পরিষদের সম্মতিতে ফেব্রুয়ারী’২০২৪খ্রিঃ মাসে পরিশোধকৃত বিল সমূহ অনুমোদন হয় এবং বিলের নথীপত্র সমূহ সংরক্ষণ সরার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td></tr>
</table>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(এম মেজবাহ উদ্দিন)
মেয়র
রামগতি পৌরসভা।

স্মারক নং-রাপৌ/সভাঃ কাঃ/২০২৪-২৩৯ তারিখঃ ৩১/০৩/২০২৪খ্রিঃ

**অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণঃ**

১। জেলা প্রশাসক,লক্ষ্মীপুর।
২। জনাব.........................................................কাউন্সিলর(সকল),রামগতি পৌরসভা।
৩। জনাব........................................................শাখা......................রামগতি পৌরসভা।
৪। সংশ্লিষ্ট নথি।

(এম মেজবাহ উদ্দিন)
মেয়র
রামগতি পৌরসভা।